বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫৭৪০২৫
পিএবিএক্স ঃ ৯৫৬০০৩১-৩৫/২৫০
ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/জালনোট/২০২০-২০২১/১১৭৯ তারিখঃ ২৪-০২-২০২১

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমুহ
মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ আসল নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য সম্বলিত পোস্টার প্রদর্শন প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট (জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ) হতে ১১ ফেব্রুয়ারী, ২০২১/২৮ মাঘ, ১৪২৭ তারিখে জারীকৃত ডিসিএম (জালনোট)ঃ ১০১/২০২০-৫৭০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। ইতোমধ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবর্ষ এবং 'মুজিববর্ষ' উদযাপান উপলক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রথমবারের মত ২০০ টাকার মূল্যমানের স্মারক ব্যাংক নোট প্রচলন করা হয়েছে।

০৩। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিযুক্ত উচ্চ মূল্যমান এর ব্যাংক নোটের প্রধান নিরাপত্তা বিশিষ্ট্য সম্বলিত হালনাগাদকৃত পোস্টারটি বাংলাদেশ ব্যাংকের (পুরাতন) ওয়েবসাইট (Link-www.bb.org.bd > Banknotes & coins > Security features > poster : Taka 100, 200, 500, 1000) হতে ডাউনলোড করতঃ ন্যূনতম ১৮" x ১৪.৫" সাইজে প্রয়োজনীয় সংখ্যক Panaflex প্রিন্ট করে শাখায় গ্রাহকদের সহজে দৃষ্টিগোচরযোগ্য স্থানে অনতিবিলম্বে প্রদর্শন এবং একই সাথে পূর্বের প্রেরিত পুরাতন/জরাজীর্ণ পোস্টারগুলো সরিয়ে ফেলার জন্য বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্টের পরামর্শ মোতাবেক সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৪। এমতাবস্থায়, সকল মহাব্যবস্থাপকগণ, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ পরিদর্শনসূচীতে জালনোট বিষয়টি অন্তর্ভূক্ত করে ত্রৈমাসিক ভিত্তিতে সকল শাখার জালনোট সংক্রান্ত পরিদর্শন সম্পর্কিত একটি সমন্বিত প্রতিবেদন সংযুক্ত 'ছক' মোতাবেক জানুয়ারী-মার্চ ২০২১ প্রান্তিক হতে প্রতি ত্রৈমাসিক সমাপ্তির পরবর্তী ১০ তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

২৪/০২/২০২১

জামিল হোসেন
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

সংযুক্তি ০৩ (তিন) পাতা

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/জালনোট/২০২০-২০২১/১১৭৯ তারিখঃ ২৪-০২-২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ -

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। মহাব্যবস্থাপক, ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট (জাল ও অচল নোট প্রতিরোধ পর্যালোচনা কোষ) বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয় ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। তাঁকে বাংলাদেশ ব্যাংকের উপরে উল্লিখিত লিংক হতে পোস্টারটি ডাউনলোড করে ব্যাংকের ওয়েব-সাইটের মিডিয়া ট্যাব এর ফটো গ্যালারীতে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৬। নথি/মহানথি।

২৪/০২/২১

(মোঃ ইয়াহিয়া ভূঁইয়া)
উর্ধতন মুখ্য কর্মকর্তা

F:Khalafot/Circular

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ)

সূত্র নং- ডিসিএম(জালনোট)ঃ১০১/২০২০-৫৭০

তারিখঃ ২৮ মাঘ ১৪২৭ / ১১ ফেব্রুয়ারি ২০২১

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৪, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ... বিভাগ
নম্বর ...
সহকারী ম...
উপ-মহাব্যবস্থাপক

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং 8049 তারিখ ১৭.০২.২১
ডিএমডি DMD
জিএম
ডিজিএম
ব্যবস্থাপনা পরিচালক

প্রিয় মহোদয়,

**আসল নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য সম্বলিত পোস্টার প্রদর্শন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ০২/০৩/২০১৮ তারিখের সূত্র নং-ডিসিএম (এফএন)ঃ১০(সভা)/২০১৮-১১৬৬-১১২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। (কপি সংযুক্ত)

০২. সূত্রোক্ত পত্র মারফত আসল ব্যাংক নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য সম্বলিত পোস্টারটি প্রয়োজনীয় সংখ্যক Panaflex প্রিন্ট করে আপনাদের ব্যাংকের সকল শাখায় গ্রাহকদের সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে প্রদর্শন এবং আপনাদের ব্যাংকের ওয়েবসাইটে উক্ত পোস্টার আপলোড করণসহ অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।

০৩. ইতোমধ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবর্ষ এবং 'মুজিববর্ষ' উদযাপন উপলক্ষে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রথমবারের মত ২০০ টাকা মূল্যমানের স্মারক ব্যাংক নোট প্রচলন করা হয়েছে। এতদ্‌প্রেক্ষিতে পূর্বের পোস্টারটি হালনাগাদ করতঃ বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করা রয়েছে।

০৪. এ পর্যায়ে, পূর্বের পোস্টারটি অপসারণপূর্বক তদস্থলে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিযুক্ত উচ্চ মূল্যমান এর ব্যাংক নোটের প্রধান নিরাপত্তা বৈশিষ্ট্য সম্বলিত হালনাগাদকৃত পোস্টারটি বাংলাদেশ ব্যাংকের (পুরাতন) ওয়েবসাইট (Link- www.bb.org.bd → Banknotes & coins → Security features → poster: Taka 100, 200, 500, 1000) হতে ডাউনলোড করতঃ ন্যূনতম ১৮" x ১৪.৫" সাইজে প্রয়োজনীয় সংখ্যক Panaflex প্রিন্ট করে আপনাদের ব্যাংকের **সকল শাখায়** গ্রাহকদের দৃষ্টিগোচরযোগ্য স্থানে প্রদর্শন করার জন্য পরামর্শ প্রদান করা হলো। এছাড়া আপনাদের ব্যাংকের ওয়েবসাইটে উক্ত পোস্টারটি আপলোড করার জন্যও পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণণা মোতাবেক।

(কে. এম. ইব্রাহিম)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০০৬৬
ই-মেইলঃ km.ibrahim@bb.org.bd

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-২
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ৮৬৬ তারিখ ২১/২/২১
বিভাগ GM(OP)
ডিএমডি-২

মহাব্যবস্থাপক (প্রশাসন) এর দপ্তর
নং- ১৭১৫ তারিখ ২২/০২/২০২১
উমব্য,এইচআরএমডি- /ক্রেডিট/বাণিজ্য/
প্রকিউরমেন্ট/বিসিবিডি/আদায়
মহাব্যবস্থাপক

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ)

ডিসিএম(এফএন)ঃ ১০(সভা)/২০১৮-১০৬৬-১১২৩

তারিখঃ ০২/০৩/২০১৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

**জালনোট প্রচলন প্রতিরোধ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসংগে।**

জালনোট প্রচলন প্রতিরোধ ও এতদবিষয়ে জনসচেতনতা বৃদ্ধির নিমিত্তে নিম্নোক্ত কার্যক্রমসমূহ গ্রহণের জন্য আপনাদেরকে অনুরোধ করা হ'লঃ

১. জালনোট প্রচলন প্রতিরোধ সংক্রান্ত কেন্দ্রীয় কমিটির ১৩ ডিসেম্বর ২০১৭ তারিখের সভার কার্যবিবরণীর (কপি সংযুক্ত) ৫ নং অনুচ্ছেদে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনাদের ব্যাংকের ওয়েবসাইটে আসল ব্যাংক নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য সম্বলিত ভিডিওচিত্র ও এতদসংক্রান্ত পোস্টার আপলোড করতঃ (ডিভিডি সংযুক্ত) অত্র বিভাগকে অবহিত করা;

২. উল্লিখিত কার্যবিবরণীর ৭ নং অনুচ্ছেদে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনাদের ব্যাংকের প্রধান কার্যালয় অথবা আঞ্চলিক কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে)-এর নিয়মিত পরিদর্শনসূচীতে জালনোটের বিষয়টি অন্তর্ভুক্ত করে ত্রৈমাসিক ভিত্তিতে সকল শাখায় জালনোট সংক্রান্ত পরিদর্শন কার্যক্রম পরিচালনা করা এবং এতদবিষয়ে একটি সমন্বিত প্রতিবেদন প্রস্তুত করে প্রতি ত্রৈমাসিক সমাপ্তির পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; এবং

৩. আসল ব্যাংক নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য সম্বলিত পোস্টারটি (এতদসংযুক্ত ডিভিডি হতে) কমপক্ষে ১৮´x ২৪´ সাইজে প্রয়োজনীয় সংখ্যক Panaflex প্রিন্ট করে আপনাদের সকল শাখায় গ্রাহকদের সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে সাঁটানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক অত্র বিভাগকে অবহিত করা, আপনাদের ভবিষ্যত প্রয়োজন বিবেচনায় সফটকপিটি যথাযথভাবে সংরক্ষণ করা এবং বাংলাদেশ ব্যাংক হতে ইতিপূর্বে আপনাদের নিকট প্রেরিত পুরাতন/জরাজীর্ণ পোস্টারগুলো সরিয়ে ফেলা।

আপনাদের বিশ্বস্ত,

(কাজী আব্দুল মান্নান)
যুগ্ম-পরিচালক
ফোনঃ +৮৮০-২৫৫৬৬৫০০১-২০/২০৮৭২

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক

OC

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট জাল ও অচল নোট প্রতিরোধ পর্যালোচনা কোষ বাংলাদেশ ব্যাংক, প্রঃ কাঃ ঢাকা

/২০১৮ হতে /২০১৮ ত্রৈমাসিকে পরিদর্শিত ব্যাংক শাখার মোট সংখ্যা:

ব্যাংকের নাম:

| ক্রমিক নং | আঞ্চলিক কার্যালয়/ প্রধান কার্যালয় | ব্যাংকের শাখার নাম | পরিদর্শনের তারিখ | পরিদর্শনকারী ব্যক্তি/দলনেতার নাম, পদবী ও মোবাইল নম্বর | জালনোট প্রতিরোধে গৃহীত ব্যবস্থা | | | | | | | পরিদর্শনে প্রাপ্ত জালনোটের সংখ্যা ও মূল্যমান (প্রযোজ্য ক্ষেত্রে) | প্রাপ্ত জালনোটের বিষয়ে গৃহীত ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | আসল নোটের বৈশিষ্ট্য সম্বলিত পোস্টার গ্রাহকদের সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে প্রদর্শিত আছে কিনা | ক্যাশ কর্মকর্তারা প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছে কিনা | জালনোট সনাক্তকরণ মেশিন ব্যবহার করা হয় কিনা | ভল্টে প্রবেশাধিকার সংরক্ষিত কিনা | কর্মকর্তাদের টাকা/পয়সা সংরক্ষণের জন্য লকার ব্যবহার করা হয় কিনা | ব্যাংকের নিজস্ব ফ্লাইলিফ যথাযথ স্থানে ব্যবহার করা হয় কিনা | অন্যান্য গৃহীত ব্যবস্থা | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | | | | | | | | | | | | | |